ক্যান্টনমেন্ট এক্‌জিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯-৬-৯৫ ইং তারিখের সভার কার্যবিবরণী ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ২৯-৬-৯৫ ইং তারিখে বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট অফিসে অনুষ্ঠিত হয় । বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল এ টি এম এন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মন্জুর আহমেদ মোল্লা<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ২। | ক্যাপ্টেন শহিদুজ্জামান খান (জি) (সিডি) পি এস সি,<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত |
| ৩। | উইং কমান্ডার এম, মনিরুল হোসেন<br>অধিনায়ক প্রশাসনিক শাখা<br>বি এ এফ বেস বাশার<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত |
| ৬। | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন<br>প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা । | - সদস্য | - উপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক<br>ক্যান্টনমেন্ট এক্‌জিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট । | -সেক্রেটারী | - উপস্থিত |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন । সভায় আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ঃ গত ২৯-৫-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন এবং বিগত সভাসমূহের পেন্ডিং সিদ্ধান্তবলী সম্পর্কে আলোচনা ।

গৃহীত সিদ্ধান্তঃ-বিগত ২৯-৫-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল । ইহা ছাড়া বিগত সভাসমূহের পেন্ডিং সিদ্ধান্তবলী বিশদভাবে পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কার্যক্রম [illegible] সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(১) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিদ্যালয়সমূহের ভবিষ্যৎ নির্মাণ কাজের ব্যাপারে মাস্টার প্লান তৈরী করার [illegible] বিধি মোতাবেক একজন আর্কিটেক্ট নিয়োগের দায়িত্ব সি ই ওকে প্রদান করা হইল ।

২য় পৃষ্ঠা

(২) বনানীস্থ অফিসার্স স্টাফ কোয়ার্টার, মঈনুল রোডস্থ স্টাফ কোয়ার্টার এলাকায় শিশু পার্ক স্থাপন
ও জিয়া কলোনীস্থ শিশু পার্কটি স্থানান্তরের ব্যয় আগামী অর্থ বৎসর অর্থাৎ ১৯৯৫-৯৬ সালের
বাজেটে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হইল। ইহা ছাড়া ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য জনাব
মোঃ আজিজ খান উল্লেখ করেন যে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় কোন শিশু পার্ক নাই। ৮ নং
রাস্তার কোনায় ত্রিকোনাকৃতি একটি পার্ক রহিয়াছে যাহা শিশু পার্কে রূপান্তর করা যাইতে পারে।
প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থ ১৯৯৫-৯৬ আর্থিক সালের
বাজেটে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(৩) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বহিরাগত কনসালটেন্টগণকে হাসপাতাল ব্যবহারের জন্য
তাঁহাদের নিকট হইতে অর্থ আদায় এবং তাহাদের আয়-রেকর্ডভুক্ত করার ব্যাপারে সংশ্লিষ্ট
কনসালটেন্টদের সংগে আলোচনা করার দায়িত্ব বোর্ডের সদস্য জনাব মোঃ আজিজ খান এবং
সি ই ও'কে প্রদান করা গেল।

(৪) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থিত ত্রিকোনাকার পার্কের জায়গার ব্যবহার, ক্যান্টনমেন্ট সুপার
মার্কেটে কসাইখানা নির্মাণ করা, ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে সিনেমা হল নির্মাণ এবং কচুক্ষেত-
বনানী সংযোগ সড়ক নির্মাণের পরিপ্রেক্ষিতে নূতন দোকান নির্মাণের নিমিত্তে বিধি মোতাবেক
অতি জরুরী ভিত্তিতে একজন আর্কিটেক্ট নিয়োগ করিয়া তাহার নিকট হইতে মাস্টার প্লান
সংগ্রহপূর্বক উহা পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

(৫) ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রাক্টর নং-৫৪৩ নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত
গৃহীত হইল।

(৬) মানিকদী ইসলামিয়া জুনিয়র মাদ্রাসাটি পরিচালনার দায়িত্বভার ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহণের
বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে মাদ্রাসার জায়গা
সামরিক সম্পত্তি যাহা অদ্যাবধি উক্ত মাদ্রাসার নামে অথবা "সি" শ্রেণীতে রূপান্তর করিয়া
যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর করা হয় নাই। এমতাবস্থায়, উক্ত
মাদ্রাসা পরিচালনার দায়িত্ব ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহণ করা সম্ভব নয় বলিয়া সিদ্ধান্ত
গৃহীত হইল।

<u>প্রস্তাব নং-২ঃ</u> এস ই এম ও'র এপ্রিল,৯৫ ও মে,৯৫ ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

<u>গৃহীত সিদ্ধান্তঃ</u>- উপরোক্ত স্বাস্থ্য প্রতিবেদনদ্বয় অবহিত হওয়া গেল। তবে ইতিপূর্বে বনানী ডি ও এইচ এস এলাকায়
সরবরাহকৃত পানিতে ব্যাকটেরিয়া পাওয়া যাওয়ায় এই ব্যাপারে ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ
গ্রহণের নিমিত্তে ওয়াসাকে পত্র লিখার জন্য সি ই ও'কে দায়িত্ব প্রদান করা হইল।

<u>প্রস্তাব নং-৩ঃ</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৩-৯৪ সালের নিরীক্ষা প্রতিবেদনের উপর ব্রডশীট জবাব অবহিত
হওয়া ও অনুমোদন করণ।

<u>গৃহীত সিদ্ধান্তঃ</u>- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৩-৯৪ সালের নিরীক্ষা প্রতিবেদনের উপর ব্রডশীট জবাব অবহিত
হওয়ার পর অনুমোদন করা গেল।

<u>প্রস্তাব নং-৪ঃ</u> ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৫-৯৬ আর্থিক সালের বাজেট অবহিত হওয়া ও অনুমোদন করণ।

<u>গৃহীত সিদ্ধান্তঃ</u>- বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৫-৯৬ আর্থিক সালের
বাজেট অনুমোদন করা গেল। উক্ত বাজেট চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস
অধিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হউক।

<u>প্রস্তাব নং-৫ঃ</u> ঢাকা সেনানিবাসস্থ লেনকুঞ্জের ঘাস কাটার জন্য পেট্রোলচালিত একটি ঘাস কাটা মেশিন ক্রয়ের
নিমিত্তে মেসার্স বাংলা হার্ডওয়্যার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর মোট ২৮,০০০/-(আঠাশ হাজার) টাকা
অনুমোদন করণ।

<u>গৃহীত সিদ্ধান্তঃ</u>- অনুমোদন করা গেল না।

৩য় পৃঃদ্রঃ

র নং-৬ঃ ১৯৯৫-৯৬ আর্থিক সালে দৈনিক শ্রমিক নিয়োগের অনুমোদন করণ ।

সিদ্ধান্তঃ- বিষয়টি পর্যালোচনান্তে দেখা যায় যে, বিগত বৎসরসমূহে মাষ্টার রোল ভিত্তিতে প্রতিদিন ১৫(পনের) জন শ্রমিক নিয়োগের অনুমোদন রহিয়াছে । সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ১৯৯৫-৯৬ আর্থিক সালের জন্য দৈনিক ১৫(পনের) জনের পরিবর্তে মাষ্টার রোল ভিত্তিতে প্রতিদিন ১০(দশ)জন শ্রমিক নিয়োগের অনুমোদন দেওয়া গেল ।

র নং-৭ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য একটি ইংরেজী অপটিমা মুনির টাইপরাইটার মেশিন ক্রয়ের নিমিত্তে সর্বনিম্ন দরদাতা মেসার্স রহমান প্রকৌশলী কর্তৃক প্রদত্ত ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত) টাকার দরপত্র অনুমোদন করণ ।

ত সিদ্ধান্তঃ- উক্ত সর্বনিম্ন দরদাতা মুনির অপটিমার এজেন্টের নিকট হইতে টাইপরাইটার মেশিনটি সংগ্রহ করিয়া সরবরাহ করিবে বিধায় উক্ত দরদাতার নিকট হইতে ক্রয় না করিয়া ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরাসরি মুনির অপটিমা কোম্পানীর প্রকৃত এজেন্টের নিকট হইতে মেশিনটি ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

র নং-৮ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলে ছাত্র/ছাত্রী ভর্তির ব্যাপারে জরুরী ভিত্তিতে বাংলাদেশ অবজারভার পত্রিকায় সরাসরি বিজ্ঞপ্তি প্রকাশের কারণে প্রাপ্ত মোট ৫,৫০০/-(পাঁচ হাজার পাঁচশত) টাকার বিজ্ঞাপন বিল পরিশোধের অনুমোদন করণ ।

ীত সিদ্ধান্তঃ- অনুমোদন করা গেল ।

র নং-৯ঃ কবর পাকা করণের নিমিত্তে কমান্ডার (এস) বি এন এ রহমানের ১২-৬-৯৫ ইং তারিখের এবং মোছাঃ রিজিয়া খানমের ১০-৬-৯৫ ইং তারিখের আবেদন বিবেচনা করণ ।

ীত সিদ্ধান্তঃ- উপরোক্ত আবেদনকারীদ্বয়ের আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক কবর পাকা করার অনুমতি প্রদান করা গেল । তবে ইহার প্রেক্ষিতে বোর্ডের সদস্য জনাব মোঃ আজিজ খান মন্তব্য করেন যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার প্লট বরাদ্দলাভকারীগণসহ তিনটি ডি ও এইচ এস এলাকার বেসামরিক প্লট বরাদ্দলাভকারীদের জন্য একটি পৃথক কবরস্থান একান্ত প্রয়োজন । সংশ্লিষ্ট প্লট বরাদ্দলাভকারীগণ ক্যান্টনমেন্ট বোর্ডকে কর প্রদান করেন বিধায় তাহাদের কবরস্থানের ব্যবস্থা করাও ক্যান্টনমেন্ট বোর্ডের দায়িত্ব । ইহার প্রেক্ষিতে বোর্ড সভায় একটি পৃথক কবরস্থানের জন্য ১.০০(এক) একর জমি ক্রয়ের ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল । উক্ত জমির প্রাপ্যতা, মূল্য নিরূপন এবং সঠিক স্থান নির্ধারণের নিমিত্তে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা গেল ঃ-

| | | |
|---|---|---|
| (১) | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ) সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ড । | - আহবায়ক |
| (২) | স্টেশন সদর দপ্তর ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি । | - সদস্য |
| (৩) | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি । | - সদস্য |

উপরোক্ত কমিটি পরবর্তী সভায় একটি সুষ্ঠু সম্পূর্ণ প্রতিবেদন পেশ করিবেন ।

৪র্থ পৃঃদ্রঃ

ং-১০ঃ গত ২৩-৪-৯৫ ইং তারিখের বোর্ড সভার ৫ ও ১৩ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা সেনানিবাসের নিম্নবর্ণিত প্রকল্পসমূহের মূল্যানুমান অনুমোদন করণ।

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯০ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৬ ও ৯৭ নং প্লটে অবস্থিত চারটি দোকানকে ভাংগিয়া দুইটি কোয়ার্টারে রূপান্তর করণ। | ২,০৭,৫২৪.০০ টাকা | |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাড়ীর উপর তলার (ফার্স্ট ফ্লোর) সংস্কার ও মেরামত (ছাদে জলছাদ নির্মাণসহ) করণ। | ১,২২,০৩০.০০ ,, | |
| (৩) | কচুক্ষেত পুরান বাজার এলাকার মিলি সুপার মার্কেটের দক্ষিণ পার্শ্বে পাইপ ড্রেন স্থাপন করণ। | ৪২,২০৮.০০ ,, | |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৬ এর (প্লট নং-৭২ এর কর্ণার হইতে ৬৮/সি পর্যন্ত) রাস্তা পুনঃনির্মাণসহ রাস্তার পার্শ্বে ড্রেন নির্মাণ করণ। | ৩,৩৫,৬৫৪.০০ ,, | |
| (৫) | সেনাপল্লী স্কুলের দ্বিতল ভবনের নীচতলা সংস্কার ও মেরামত করণ। | ১,১২,৬৭৬.০০ ,, | |

সিদ্ধান্তঃ- (১) অনুমোদিত।

(২) অনুমোদিত।

(৩) ৩৮,৩২৮/-(আটত্রিশ হাজার তিনশত আঠাশ) টাকার মূল্যানুমান অনুমোদিত। তবে উক্ত কাজের জন্য পূর্বে কি ভাবে ৪২,২০৮/-(বিয়াল্লিশ হাজার দুইশত আট) টাকার মূল্যানুমান তৈরী করা হইয়াছে এই ব্যাপারে সংশ্লিষ্ট প্রকৌশলীর নিকট হইতে ব্যাখ্যা গ্রহণপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(৪) অনুমোদিত।

(৫) অনুমোদিত।

বনং-১১ঃ গত ২৩-৪-৯৫ ইং তারিখের বোর্ড সভার ৬ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্থান নির্মাণের স্থান নির্বাচন এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গ্যারেজের স্থান নির্বাচন করণ।

ত সিদ্ধান্তঃ- ২৩-৪-৯৫ ইং তারিখের বোর্ড সভার ৬ নং সিদ্ধান্তের আলোকে গঠিত কমিটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্থান নির্মাণ এবং ক্যান্টনমেন্ট বোর্ডের গ্যারেজ নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট সুপার মার্কেট সংলগ্ন একটি খালী জায়গা নির্বাচন করেন। লক্ষ্য করা গিয়াছে যে উক্ত স্থানটি অত্যাধিক নীচু বিধায় দীর্ঘদিন যাবৎ উহাতে ময়লা/আবর্জনা ফেলিয়া ভরাট করা হইয়াছে। ইহার ফলে উক্ত স্থানে উপরোক্ত নির্মাণ কাজ করিতে হইলে পাইলিং করতঃ নির্মাণ কাজ সমাধা করিতে হইবে। ইহাতে অধিক অর্থ ব্যয় হইবে তাহাছাড়া উক্ত বাজার এলাকায় স্থায়ীভাবে বাসস্থান ও গ্যারেজ নির্মাণ করা হইলে নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হইবে না বিধায় উহা অনুমোদন করা গেল না। এই ব্যাপারে উক্ত কমিটি পুনরায় জায়গা নির্বাচন করতঃ পরবর্তী বোর্ড সভায় তাহাদের প্রতিবেদন পেশ করিবেন।

সুার নং-১২ঃ ৩৮ নং প্লটের দোতলা ও তিনতলা ভবনের দরজার চৌকাঠের বাজার দর নির্ধারণ করণ (এম ই এস হইতে উক্ত দর ভেটিং করা হইয়াছে)।

হীত সিদ্ধান্তঃ- বিষয়টি পর্যালোচনান্তে এম ই এস কর্তৃক ভেটিংকৃত ৩৮,১৬৬/৭৫ (আটত্রিশ হাজার একশত ছেষট্টি টাকা পঁচাত্তর পয়সা) টাকার পরিবর্তে মোট ২৪,২২০/-(চব্বিশ হাজার দুইশত বিশ) টাকা অনুমোদন করা গেল।

৫ম পৃঃদ্রঃ

নং-১৩ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬ নং প্লটের মালিকগণকে প্লটের পশ্চিমার্ধে বাড়ী নির্মাণের এবং পূর্বাংশের(স্থানের) পরিবর্তে "৯/বি" প্লটে ইজারা প্রদানের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ৩০-৫-৯৫ ইং তারিখের ৭০৩/১/কিউ-৩ নং পত্র এবং তৎসংযুক্ত সেনাসদরের ২৮-৫-৯৫ ইং তারিখের ৯১৭/৯/অফিসার/এমকিউ-২ নং পত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- অনুমোদিত। বিষয়টি প্লটের বর্তমান মালিককে অবহিত করা হউক এবং চূড়ান্ত সিদ্ধান্তের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস বরাবরে প্রস্তাবটি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

নং-১৪ঃ বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর এবং ডি ও এইচ এস মহাখালীস্থ হযরত কালাশাহ্ বাবার মাজার সংলগ্ন ০.৪৪ একর জায়গা নার্সারীর কাজে আগামী ০১-৭-৯৫ ইং হইতে ৩০-৬-৯৮ ইং পর্যন্ত সময়ের ইজারার জন্য গত ৩১-৫-৯৫ ইং তারিখে গৃহীত সর্বোচ্চ সীলড টেন্ডার অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে প্রাপ্ত সকল দরপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি নার্সারীর কাজে ব্যবহারের নিমিত্তে ৩(তিন) বৎসরের জন্য মেসার্স তরুকুঞ্জ নার্সারী কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ দর ৯৬,০০০/-(ছয়ানব্বই হাজার) টাকা [illegible] এবং মহাখালী ডি ও এইচ এস এলাকাস্থ হযরত কালাশাহ্ বাবার মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি নার্সারীর কাজে ব্যবহারের নিমিত্তে ৩(তিন) বৎসরের জন্য মেসার্স তরুকুঞ্জ নার্সারী কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ দর ৮৪,০০০/-(চুরাশি হাজার) টাকা এর পরিবর্তে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা [illegible] অনুমোদন করা গেল এবং উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হউক।

নং-১৫ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ টেম্পু স্ট্যান্ড ১৯৯৫-৯৬ ইং আর্থিক সনের ইজারার জন্য গত ১১-৬-৯৫ ইং তারিখের গৃহীত সর্বোচ্চ সীলড টেন্ডার অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে প্রাপ্ত সকল দরপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ টেম্পু স্ট্যান্ডটি আগামী ১৯৯৫-৯৬ ইং আর্থিক সালের জন্য সর্বোচ্চ ডাককারী জনাব মোঃ একরাম হোসেন, ডিএমসি-১৯, উত্তর কাফরুল, ঢাকা প্রদত্ত ১,৩৬,০০০/-(এক লক্ষ ছত্রিশ হাজার) টাকা অনুমোদন করা গেল এবং উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

নং-১৬ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুর আগামী ৪(চার) বৎসরের ইজারার জন্য গত ১৪-৬-৯৫ ইং তারিখে গৃহীত সর্বোচ্চ সীলড টেন্ডারের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে প্রাপ্ত সকল দরপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুরটি আগামী ০১-৭-৯৫ ইং হইতে ৩০-৬-৯৯ ইং পর্যন্ত ৪(চার) বৎসরের জন্য নিলাম ইজারায় সর্বোচ্চ ডাককারী জনাব মোঃ কায়ুম খান, তামান্না কমপ্লেক্স, ২৮৮ পুরান কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ডাক ১,৬৭,৭৭৭/-(এক লক্ষ সাতষট্টি হাজার সাতশত সাতাত্তর) টাকা অনুমোদন করা গেল এবং উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

৬ষ্ঠ পৃঃ

ন ং-১৭ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের দোকানসমূহের চুক্তিপত্র স্বাক্ষরের ব্যাপারে গঠিত কমিটির সুপারিশ পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করা।

সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের দোকানের চুক্তিপত্র স্বাক্ষরের ব্যাপারে বোর্ড কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদনটি বিশদভাবে পর্যালোচনা করা হইল। এই ব্যাপারে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(ক) বর্তমান ১০(দশ) বৎসরের জন্য যাহাদিগকে দোকান বরাদ্দ দেওয়া হইয়াছে এবং যাহারা বোর্ডের শর্তাবলী মানিয়া চুক্তিপত্রে স্বাক্ষর করিয়াছেন এবং পরবর্তী ১০(দশ) বৎসরের জন্য বোর্ড কর্তৃক আরোপিত সকল শর্ত মানিয়া চলিবেন মর্মে অংগীকার প্রদান করিবেন তাহাদিগকে পরবর্তী ১০(দশ) বৎসরের জন্য দোকান ইজারা প্রদানের অগ্রাধিকার দেওয়া হইবে।

(খ) বর্তমানে দোকান বরাদ্দলাভকারীদের মধ্যে যাহারা বোর্ড কর্তৃক অনুমোদিত চুক্তিপত্রে স্বাক্ষর করেন নাই তাহারা বর্তমান ১০(দশ) বৎসর মেয়াদান্তে বোর্ডের ইজারা গ্রহীতা হিসাবে গন্য হইবে না এবং ভবিষ্যতে উক্ত দোকান ইজারা প্রাপ্তির বিষয়ে ~~xxx~~ কোন সুযোগ সুবিধা পাইবে না। উক্ত দোকানগুলি ক্যান্টনমেন্ট বোর্ড বিধি মোতাবেক নিলামের মাধ্যমে বরাদ্দ প্রদান করিবে।

(গ) উপরোক্ত বিষয়ের আলোকে পরবর্তী ১০(দশ) বৎসরের ইজারা দেওয়ার নিমিত্তে যাবতীয় শর্তাবলী উল্লেখপূর্বক একটি খসড়া চুক্তিপত্র পরবর্তী বোর্ড সভায় পেশ করার জন্য সি ই ও কে দায়িত্ব প্রদান করা হইল।

প্রস্তাব নং-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান নির্বাহী প্রকৌশলী জনাব এম, জামানের চাকুরীর মেয়াদ চুক্তি ভিত্তিক ৩(তিন) বৎসর বৃদ্ধির আবেদনের বিষয়টি বিবেচনা করণ। এই ব্যাপারে অধিদপ্তরের ২৭-২-৯৫ ইং তারিখের ১৭/এমএলএন্ডসি/পিএফ/৩/শা-২/১০৮ নং পত্র উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান নির্বাহী প্রকৌশলী জনাব এম, জামানের চাকুরীর মেয়াদ চুক্তি ভিত্তিক ৩(তিন) বৎসর বৃদ্ধির বিষয়ে পরবর্তী বোর্ড সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত নিম্নবর্ণিত বিদ্যালয়সমূহের বিপরীতে প্রদর্শিত প্রথম সাময়িক পরীক্ষার সর্বনিম্ন দর অনুমোদন করণঃ-

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | সর্বনিম্ন দরদাতার নাম | সর্বনিম্ন দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়। | মেসার্স ফেডারেল পাবলিসার্স | =২১,০৬০/- | প্রশ্নপত্র মুদ্রণ |
| | | -ঐ- | =১১,০০০/- | বিভিন্ন ফরম মুদ্রণ |
| (২) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয় | | | |
| | -ঐ- | মেসার্স হাবিব এন্ড সন্স | =২৯,১৬০/- | ষ্টেশনারী দ্রব্যাদি ক্রয়। |
| | -ঐ- | মেসার্স ফেডারেল পাবলিসার্স | =১৯,৩৩৬/- | প্রশ্নপত্র মুদ্রণ |
| (৩) | মুসলিম মডার্ণ একাডেমী | মেট্রোপলিটন প্রিন্টার্স এন্ড পাবলিকেশন। | =৭২,১৭৫/- | বিভিন্ন ফরম ও প্রশ্নপত্র মুদ্রণ |
| | -ঐ- | মেসার্স দি বিলকার্স এনড কম্যুর্স | =৫৬,২৫২/- | ষ্টেশনারী দ্রব্য ক্রয় |
| (৪) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী। | মেসার্স হাবিব প্রিন্টিং প্রেস | =২০,২২৪/- | প্রশ্নপত্র ও বিভিন্ন ফরম মুদ্রণ। |
| | -ঐ- | মেসার্স এম, জামান এন্টার-প্রাইজ। | =১০,৭৩৯/- | ষ্টেশনারী দ্রব্যাদি ক্রয়। |

গৃহীত সিদ্ধান্তঃ- উপরোক্ত দরপত্রসমূহ অনুমোদন করা গেল।

৭ম পৃঃদ্রঃ

-২০ঃ বনানী টি ও এইচ এস কমিউনিটি সেন্টারে বিনামূল্যে চিকিৎসা প্রদানের নিমিত্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বিভিন্ন আসবাবপত্র ও যন্ত্রপাতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ। এই ব্যাপারে অধিদপ্তরের গত ১৩-৩-৯৫ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৫৬/৯ নং পত্র সংলগ্নিসমেত উপস্থাপন করা গেল।

সিদ্ধান্তঃ-বিষয়টি পর্যালোচনান্তে আপাততঃ বিবেচনা করা গেল না। তবে সি ই ও কর্তৃক তদনুপূর্বক পরবর্তীতে একটি প্রতিবেদন পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

-২১ঃ বিবিধঃ

(ক) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে দোতলা বিল্ডিং এর পূর্ব পার্শ্বের সিঁড়ির কোনায় পরিত্যক্ত স্থানটি দোকানে রূপান্তর করিয়া উহা মোঃ আরিফুল ইসলামকে বরাদ্দের ব্যাপারে তাহার ০৬-৬-৯৫ ইং তারিখের আবেদন বিবেচনা করণ।

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকারের অকেজো মালামাল নিলামে মেসার্স আলহাজ্ব এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ডাক ৪২,৫০০/-(বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা অনুমোদন করণ।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ) কর্তৃক উত্থাপিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মচারীদের বাড়ী ভাড়া গ্রহণ সম্পর্কে আলোচনা।

সিদ্ধান্তঃ-(ক) উক্ত স্থানে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ঘর নির্মাণ করিয়া বিধি মোতাবেক সালামী ও মাসিক ভাড়া ধার্য্যপূর্বক উক্ত ঘরটি আবেদনকারী জনাব মোঃ আরিফুল ইসলাম, পিতা-মোঃ আলতাফ হোসেন ফরাজীকে বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অকেজো মালামালের সর্বোচ্চ নিলাম ডাককারী মেসার্স আলহাজ্ব এন্টারপ্রাইজ, সি/৯১ ক্যান্টনমেন্ট সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক সর্বোচ্চ ৪২,৫০০/-(বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকার ডাক অনুমোদন করা গেল এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ) কর্তৃক উত্থাপিত বিষয়টি আলোচনান্তে দেখা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত স্টাফ কোয়ার্টার এবং কিছু পরিত্যক্ত বাড়ীতে নির্ধারিত হারে ভাড়া প্রদান করিয়া ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ বসবাস করিতেছেন যাহা বিধি সম্মত নহে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হইতে নির্ধারিত হারে বাড়ী ভাড়া আদায়ের পরিবর্তে সরকারী বিধির আলোকে তাহাদেরকে বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হইবেনা এবং তাহাদের মূল মাসিক বেতন হইতে নির্ধারিত হারে বাড়ী ভাড়া কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হইল। অনুরূপভাবে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্মিত বাসস্থান ও পরিত্যক্ত সম্পত্তিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, এম ই ও অফিস, আদমজী ক্যান্টনমেন্ট কলেজের কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক এবং অন্যান্য বসবাসকারীদের নিকট হইতে তাহাদের মূল বেতন সংগ্রহপূর্বক সরকারী বিধির আলোকে বোর্ডের কর্মচারীদের ন্যায় একই হারে অর্থাৎ মূল বেতনের উপর বাড়ী ভাড়া ভাতা + ৭½%/৫% হারে বাড়ী ভাড়া গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসকে অবহিত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সি ই ও'কে দায়িত্ব প্রদান করা গেল।

আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

২৯.৬.৯৫
(মোঃ [illegible] হক)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল এ টি এম এন চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।